



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বি/১৫/নতুন/জামা/১২৩

তারিখ : ১৭/০৮/২০২৩ খ্রি.

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের মঞ্জুরী কমিটির ১৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখের পঞ্চম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মৌলিক শর্তাবলি পূরণ করায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে “শাহাবুদ্দিন মেমোরিয়াল স্কুল” কে নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম শ্রেণি) পর্যায়ে ০১/০১/২০২৩ হতে ৩১/১২/২০২৫ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ :

১. প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
২. নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়া বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৩. বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
৪. বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের পূর্বনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
৫. পত্র ইস্যুর তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।
৬. বিদ্যালয়ের শিক্ষার মান উন্নত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
৭. বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
৮. সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
৯. পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ০৪(চার) মাস পূর্বে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
১০. বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
১১. আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
১২. কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
১৩. উক্ত মেয়াদের মধ্যে একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ /

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

প্রাপক : প্রধান শিক্ষক

শাহাবুদ্দিন মেমোরিয়াল স্কুল

উপজেলা- সদর, জেলা- জামালপুর।

তারিখ : ১৭/০৮/২০২৩ খ্রিঃ

স্মারক নং- ১২৩ (১২)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, ময়মনসিংহ শিক্ষা বোর্ড।
৬. উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর।
৭. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর, জামালপুর।
৯. সভাপতি, পরিচালনা কমিটি, স্টুডেন্ট কেয়ার জুনিয়র স্কুল, সদর, জামালপুর।
১০. সহকারি প্রোগ্রামার, ময়মনসিংহ শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও প্রয়োজনীয় কার্যার্থে)
১১. পি এস টু চেয়ারম্যান, অত্র বোর্ড।
১২. অফিস কপি।

Didarul Islam
১৭.০৮.২০২৩
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।